# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৭১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ জুমু‘আর পর যে সালাত আদায় করার নির্দেশ দেওয়া হয়েছে, সেই নির্দেশটি ঐচ্ছিকতা নির্দেশক; আবশ্যকতা নির্দেশক নয় মর্মে দ্বিতীয় হাদীস

## ذِكْرُ خَبَرٍ ثَانٍ يَدُلُّ عَلَى أَنَّ الْأَمْرَ الَّذِي وَصَفْنَاهُ بِالصَّلَاةِ بَعْدَ الْجُمُعَةِ إِنَّمَا هُوَ أَمْرُ اسْتِحْبَابٍ لَا أَمْرُ إِيجَابٍ

---

আরবী

2471 ـ أَخْبَرَنَا الْمُفَضَّلُ بْنُ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ الْجَنَدِيُّ بِمَكَّةَ قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ زِيَادٍ اللَّحْجِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو قُرَّةَ عَنْ سُفْيَانَ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ كَانَ مِنْكُمْ مُصَلِّياً بعد الجمعة فَلْيُصَلِّ أربعاً)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2471 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1036): م.

বাংলা

২৪৭১. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমাদের মাঝে যে ব্যক্তি জুমু‘আর পর সালাত আদায় করবে, সে যেন চার রাকা‘আত সালাত আদায় করে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৪৯৯; সহীহ মুসলিম: ৮৮১; আবূ দাঊদ: ১১৩১; নাসাঈ: ৩/১১৩; সুনান বাইহাকী: ৩/২৩৯-২৪০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91797

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন